

সারাদেশ

সাতক্ষীরায় জিএম নূর ইসলামের স্মরণে শোকসভা অনুষ্ঠিত

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: শনিবার, ১২ সেপ্টেম্বর ২০২৬, ১০:০৯ PM



সাতক্ষীরা জেলা নাগরিক অধিকার ও উন্নয়ন সমন্বয় কমিটির প্রয়াত সভাপতি জিএম নূর ইসলামের আত্মার মাগফিরাত কামনায় নাগরিক শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২ সেপ্টেম্বর) বিকেলে সাতক্ষীরা শহরের কামালনগরের তুফান কনভেনশন সেন্টারের লেকভিউতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন জেলা নাগরিক অধিকার ও উন্নয়ন সমন্বয় কমিটির সিনিয়র সহসভাপতি ও সমাজসেবক আলহাজ্ব ডা. আবুল কালাম বাবলা।

অনুষ্ঠানে বক্তব্য দেন সাতক্ষীরা জেলা পরিষদের প্রশাসক ও সাবেক সংসদ সদস্য হাবিবুল ইসলাম হাবিব, সাবেক মন্ত্রী ডা. মো. আফতাবুজ্জামান, জাতীয় পার্টির কেন্দ্রীয় কমিটির প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সংসদ সদস্য আশরাফুজ্জামান আশু, সাতক্ষীরা জেলা জাতীয় পার্টির সভাপতি আলহাজ্ব শেখ আজহার হোসেন।

এ ছাড়া সাতক্ষীরা সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবুল হাশেম, সাতক্ষীরা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক বাসুদেব বসু, জেলা নাগরিক অধিকার ও উন্নয়ন সমন্বয় কমিটির প্রধান উপদেষ্টা কামরুল ইসলাম ফারুক, উপদেষ্টা ও সাবেক অধ্যক্ষ মো. লিয়াকত পারভেজ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. রুহুল আমিনসহ অনেকে বক্তব্য দেন।

বক্তব্য দেন দৈনিক দৃষ্টিপাত-এর নির্বাহী সম্পাদক প্রভাষক আবু তালেব মোল্লা, সাতক্ষীরা জেলা নাগরিক কমিটির আহ্বায়ক আইনজীবী শেখ আজাদ হোসেন বেলাল, জেলা নাগরিক অধিকার ও উন্নয়ন সমন্বয় কমিটির সাধারণ সম্পাদক ও সাবেক সদর উপজেলা চেয়ারম্যান মো. মশিউর রহমান বাবু এবং যুগ্ম সম্পাদক ফরিদা আক্তার বিউটি।

এ সময় আরও উপস্থিত ছিলেন শিক্ষাবিদ অধ্যাপক আবু নছর, দৈনিক দক্ষিণের মশাল-এর সম্পাদক অধ্যক্ষ আশেক ই ইলাহী, প্রয়াত জিএম নূর ইসলামের বড় ছেলে ও দৈনিক দৃষ্টিপাত-এর ভারপ্রাপ্ত সম্পাদক জিএম আদম শফিউল্লাহ, সাবেক ফিফা রেফারি তৈয়েব হাসান বাবু, এটিএন বাংলার জেলা প্রতিনিধি এম কামরুজ্জামানসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাতক্ষীরা সাংবাদিক কেন্দ্রের সভাপতি মো. আব্দুস সামাদ, সাবেক জেলা শিক্ষা কর্মকর্তা কিশোরী মোহন সরকার, জেলা নাগরিক অধিকার ও উন্নয়ন সমন্বয় কমিটির সহসভাপতি ফারহা দীবা খান সাথী, যুগ্ম সম্পাদক মো. কামরুজ্জামান রাসেল, শেখ শফিক-উদ-দৌলা সাগর, আলি নূর খান বাবলু, স্বপ্নের বাংলাদেশ ফাউন্ডেশনের সভাপতি প্রকৌশলী শামস ইসতিয়াক শোভন, কবি হায়দার আলী প্রমুখ।

শোকসভায় বক্তারা প্রয়াত জিএম নূর ইসলামের কর্মময় জীবনের কথা স্মরণ করেন। তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন তাঁরা।

পরে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন হাফেজ মাওলানা আনিসুর রহমান আজাদী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সাতক্ষীরা জেলা নাগরিক অধিকার ও উন্নয়ন সমন্বয় কমিটির সহসভাপতি অধ্যাপক নূর মোহাম্মদ পাড়।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/satkshiray-jiem-nur-islamer-smrne-shoksbha-onushtit>